

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় (অধিশাখা-১৮)
www.shed.gov.bd

নং-শিম/শা:১৮/১ঢা:বি:-১/২০০৫(অংশ)/৩৯


তারিখ: ৩০ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদকে ব্যক্তিগত প্রয়োজনে আগামী ১৭-২৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ ১১ (এগার) দিন নিম্নবর্ণিত শর্তে ভারত ভ্রমণের অনুমতি প্রদান করেছেন:

- ক. এ ভ্রমণের যাবতীয় খরচ তিনি ব্যক্তিগতভাবে বহন করবেন। এতে বাংলাদেশ সরকার বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- খ. তিনি ভ্রমণ শেষে দেশে ফিরে কাজে যোগদান করবেন এবং মন্ত্রণালয়কে অবহিত করবেন;
- গ. প্রো-উপাচার্য (শিক্ষা)-এর অনুপস্থিতিতে এ বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ নিজ দায়িত্বের অতিরিক্ত প্রো-উপাচার্য (শিক্ষা)-এর ব্লটিন দায়িত্ব পালন করবেন।

২। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(হাবিবুর রহমান)
উপসচিব
ফোন : ৯৫৭২১৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৫। উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (শিক্ষা), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৭। অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-উপাচার্য (প্রশাসন), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৮। রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৯। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ১০। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১৩। সচিব-মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১৪। উপ-পরিচালক, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ১৫। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(আদেশটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)